

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
পাংশা ,রাজবাড়ী ।

সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব রোকেয়া বেগম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, পাংশা ,রাজবাড়ী

সভার স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ ।

সভার তারিখ : ১৫/০৪/২০২২ খ্রিঃ, সময় : সকাল ১০.০০ ঘটিকায় ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট- 'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা সমাজসেবা অফিসার ও সদস্য সচিব কে পাংশা উপজেলায় সমাজকল্যাণ বিষয়ক আর্থসামাজিক কার্যক্রম গ্রহণের জন্য নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, পাংশা উপজেলায় তিনি উপজেলা পরিষদের অর্থায়নের গভীর নলকূপের সেচ নালা তৈরি করার জন্য সভায় প্রস্তাব করেন। তাঁর দপ্তরের বাস্তবায়নধীন কর্মসূচি ও প্রকল্প সমূহ সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। খেলাপী ঋণ আদায়ে সকলের সহযোগিতা কামনা করেন এবং উপজেলা পরিষদ হতে, আবর্তক কৃষি ঋণ- প্রাপ্ত তহবিল, অ, সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি- প্রাপ্ত তহবিল, পল্লী প্রগতি প্রকল্প- প্রাপ্ত তহবিল, অস্বচ্ছল মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের আত্মকর্মসংস্থান এই বিষয় নিয়ে আলোচনা করেন

সিদ্ধান্ত : ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে আরও গতিশীল করতে হবে। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে নিয়োজিত মাঠকর্মীদের কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করতে হবে। ভিক্ষুক পুনর্বাসন কার্যক্রমে সক্রিয় ভূমিকা পালন করতে হবে। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(রোকেয়া বেগম)

মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, পাংশা ।
তারিখঃ ১৫/০৪/২০২২

স্মারক নং-সমাজসেবা/পাংশা/ ২০২২-৮৮

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, রাজবাড়ী ।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার ,রাজবাড়ী ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, পাংশা , রাজবাড়ী ।
- ৫। কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কালুখালী উপজেলা কমান্ড, পাংশা ।
- ৬। চেয়ারম্যান.....ইউপি, পাংশা , রাজবাড়ী ।



স্বাক্ষঃ

উপজেলা সমাজসেবা অফিসার
পাংশা , রাজবাড়ী ।